জানুয়ারী/২৩ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারন সভার উপস্থিতির স্বাক্ষর ঃ-

তাং-(৩০/০১/২০২৩)

নং	নাম ও পদবী	মোবাইল নম্বর	স্বাক্ষর
০১.	বীরমুক্তিযোদ্ধ এডভোকেট আবুল হাসেম খান মাননীয় সংসদ সদস্য কুমিল্লা-৫ নির্বাচনী এলাকা(বুড়িচং-ব্রাহ্মণপাড়া)		
০২.	জনাব আখলাক হায়দার চেয়ারম্যান, উপজেলা পরিষদ বুড়িচং, কুমিল্লা		
০৩.	জনাব সাহিদা আক্তার উপজেলা নির্বাহী অফিসার বুড়িচং, কুমিল্লা		
০৪.	মোঃ গোলাম ফারুক ভাইস-চেয়ারম্যান উপজেলা পরিষদ, বুড়িচং		
০৫.	মিসেস পান্না আক্তার মহিলা ভাইস-চেয়ারম্যান উপজেলা পরিষদ, বুড়িচং	01787460011	
০৬.	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা বুড়িচং, কুমিল্লা	01711204064	
০৭.	উপজেলা কৃষি কর্মকর্তা বুড়িচং, কুমিল্লা	01716602152	
০৮.	উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা বুড়িচং, কুমিল্লা	01672114125	
০৯.	সিনিঃ উপজেলা মৎস্য কর্মকর্তা বুড়িচং, কুমিল্লা	01718322669	
১০.	উপজেলা শিক্ষা কর্মকর্তা বুড়িচং, কুমিল্লা	01718298967	
১১.	উপজেলা প্রকৌশলী বুড়িচং, কুমিল্লা	01708161318	
১২.	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বুড়িচং, কুমিল্লা		
১৩.	উপজেলা সমাজসেবা কর্মকর্তা বুড়িচং, কুমিল্লা	01729483276	
১৪.	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বুড়িচং, কুমিল্লা	01672-614119	
১৫.	উপজেলা সমবায় কর্মকর্তা বুড়িচং, কুমিল্লা	01912441106	

CS CamScanner

১৬	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বুড়িচং, কুমিল্লা	01725040715	
১৭.	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বুড়িচং, কুমিল্লা	01717335835	
১৮.	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বুড়িচং, কুমিল্লা	01712267235	
১৯.	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বুড়িচং, কুমিল্লা	01712-830291	
২০.	ইউডিএফ, ইউজিডিপি	01715-115752	
২১.	উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা বুড়িচং, কুমিল্লা	01893072628	
২২.	ফরেষ্টার , বনবিভাগ বুড়িচং, কুমিল্লা	০২৭৭৬-৪৬৮৩০৩	
২৩.	চেয়ারম্যান, রাজাপুর ইউপি মোঃ আবুল কালাম চেয়ারম্যান রাজাপুর ইউ.প.	01819103074	
২৪.	চেয়ারম্যান, বাকশীমূল ইউপি	01711322662	
২৫.	চেয়ারম্যান, বুড়িচং সদর ইউপি	01732671965	
২৬.	চেয়ারম্যান, ষোলনল ইউপি		
২৭.	চেয়ারম্যান, পীরযাত্রাপুর ইউপি	01711-375858	
২৮.	চেয়ারম্যান, ময়নামতি ইউপি	01724-342452	
২৯.	চেয়ারম্যান, মোকাম ইউপি		
৩০.	চেয়ারম্যান, ভারেল্লা দঃ ইউপি	01711785972	
৩১.	চেয়ারম্যান, ভারেল্লা উঃ ইউপি	01727-611094	
৩২.	সংরক্ষিত মহিলা আসন		
৩৩.	মোঃ মোস্তফা কামাল ইন্সট্রাক্টর, ইউআরসি।	01552314224	
৩৪.			

উপজেলা পরিষদ কার্যালয়
বুড়িচং, কুমিল্লা

স্মারক নং - ০৫.২০.১৯১৮.০০২.০০.০৩৫.২২-৩৭ তারিখ ঃ ১৯ জানুয়ারী ২০২৩ খ্রিঃ
০৫ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ

বিষয়ঃ উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির মাসিক সভা

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির জানুয়ারি ২০২৩ মাসের মাসিক সভা আগামী ৩০/০১/২০২৩ তারিখ সোমবার সকাল ১১.০০ টায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা মহোদয়ের সভাপতিত্বে উপজেলা সম্প্রসারিত প্রশাসনিক ভবন এর সভা কক্ষে অনুষ্ঠিত হবে।

০২। বর্ণিত সভার জন্য তাঁর বিভাগের আলোচনাযোগ্য বিষয়াদির তথ্য এবং বিগত উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় তাঁর অফিস সংশ্লিষ্ট বিষয়ে গৃহীত সিদ্ধান্তের আলোকে অনুবর্তী কার্যক্রম গ্রহণ সংক্রান্ত প্রতিবেদন আগামী ২৫/০১/২০২৩ তারিখের মধ্যে নিম্নবর্ণিত ছকে এ কার্যালয়ে হার্ড এবং সফ্ট কপি ই-মেইল upzchairman.buri@gmail.com মাধ্যমে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উপজেলা সম্প্রসারিত প্রশাসনিক ভবন এর সভা কক্ষে অনুষ্ঠিত হবে।

দপ্তর বিভাগের নাম	বিগত সভার সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি	বর্তমান সভার আলোচ্যসূচী

২৯/০১/২৩
আখলাক হায়দার
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বুড়িচং, কুমিল্লা
ফোন ঃ ০২৩৩৪৪০৯২০১

স্মারক নং - ০৫.২০.১৯১৮.০০২.০০.০৩৫.২১- তারিখ ঃ ১৯ জানুয়ারী ২০২৩ খ্রিঃ
০৫ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-
০১। বীর মুক্তিযোদ্ধা এডভোকেট আবুল হাসেম খান, মাননীয় সংসদ সদস্য, ২৫৩ কুমিল্লা-০৫। সদয় অবগতির জন্য।
০২। জেলা প্রশাসক, কুমিল্লা। সদয় অবগতির জন্য।

০৩। ভাইস-চেয়ারম্যান/ মহিলা ভাইস-চেয়ারম্যান,
উপজেলা পরিষদ, বুড়িচং,কুমিল্লা।
০৪। উপজেলা .... কর্মকর্তা, বুড়িচং,কুমিল্লা।
০৫। চেয়ারম্যান. . . . . ইউপি, বুড়িচং,কুমিল্লা।
০৬। অফিস নথি।

২৯/০১/২০২৩
সাহিদা আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
বুড়িচং, কুমিল্লা
ফোনঃ ০২৩৩৪৪০৯১০০

CamScanner

উপজেলা পরিষদ
বুড়িচং, কুমিল্লা

জানুয়ারী/২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি	ঃ	আখলাক হায়দার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বুড়িচং, কুমিল্লা।
সভার স্থান	ঃ	উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, বুড়িচং, কুমিল্লা।
সভা অনুষ্ঠানের তারিখ ও সময়	ঃ	৩০/০১/২০২৩ খ্রিঃ, বেলা ১১.০০ ঘটিকা।
সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা	ঃ	পরিশিষ্ট 'ক' (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানান। অতঃপর সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। পূর্ববর্তী সভায় কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে উক্ত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর আজকের সভায় বিস্তারিতভাবে বিষয়ভিত্তিক আলোচনা করা হয়।

উপস্থিগণের বক্তব্য ঃ-

ক্র/ন	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১.	রাজাপুর ইউপি ঃ চেয়ারম্যান, রাজাপুর ইউপি সভায় জানান, আমার ইউনিয়নের রাজাপুর আলমগীর দোকানের সাথে পুকুরের উত্তর পার্শ্বে রিটার্নিং ওয়াল নির্মাণের প্রকল্প গ্রহণ করা প্রয়োজন ।এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষন করেন। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভাকে অবগত করেন ।	বিস্তারিত আলোচনান্তে বর্ণিত প্রকল্পটি প্রাক্কলন মোতাবেক দরপত্র আহ্বানের মাধ্যমে উপজেলা উন্নয়ন তহবিল হতে ব্যয় নির্বাহের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত	১.উপজেলা প্রকৌশলী বুড়িচং, কুমিল্লা।
০২.	বাকশীমূল ইউপিঃ চেয়ারম্যান, বাকশীমূল ইউপি জানান, ফকির বাজারের ইজারাদার খুচরা ব্যবসায়ীদের কাছ থেকে অধিক হারে খাজনা আদায় করার ফলে বাজারের ভাবমূর্তী নষ্ট হয়ে যায় এবং ব্যবসায়ীগণ বাজারে আসতে চায় না। ফলে বাজারটি প্রায় বিলুপ্তের পথে। পাশাপাশি সিএনজি স্ট্যান্ড ইজারাদার সিএনজি ড্রাইবারের সাথে টোল আদায়ের সময় খারাপ আচরণ করে থাকেন। তিনি আরও জানান, ক. কালিকাপুর মনিরুজ্জামানের বাড়ীর উত্তর পার্শ্বে ড্রেইন নির্মাণ খ. আনন্দপুর পাকা রাস্তা হইতে খোরশেদ আলমের বাড়ীর রাস্তা ইটের সলিং গ. বাকশীমূল উঃ পাড়া মুদি বাড়ীর পুকুরের মেইন রাস্তার অভ্যন্তরে রাস্তা রক্ষার্থে রিটার্নিং ওয়াল করার জন্য সভায় প্রস্তাব করেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি আরো জানান তাঁর ইউনিয়নের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	বিস্তারিত আলোচনান্তে ক-গ নং প্রকল্পগুলো প্রাক্কলন মোতাবেক প্রকল্প কমিটির মাধ্যমে উপজেলা উন্নয়ন তহবিল হতে ব্যয় নির্বাহের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	১.উপজেলা প্রকৌশলী বুড়িচং, কুমিল্লা।
০৩	বুড়িচং সদর ইউপি ঃ চেয়ারম্যান, বুড়িচং সদর ইউপি সভায় জানান যে, বুড়িচং বাজারের মেইন রোডে সব সময় যানজট লেগে থাকে। মেইন রোডের দুই পার্শ্বে সিএনজি, অটোরিক্সা ও ফুটপাতের দোকানের কারণে গাড়ি দিয়ে আসা-যাওয়া করা খুব কষ্টকর। যানজট নিরসনের জন্য সিএনজি, অটোরিক্সাগুলো নির্ধারিত স্থানে স্থানান্তর করতে হবে। সকলের সার্বিক সহযোগিতা কামনা করছি। উপজেলা নির্বাহী অফিসার, বুড়িচং, কুমিল্লা মহোদয় যানজট নিরসরে স্বার্থে ক. উত্তর বাজার, সাদকপুর, জগতপুর ব্রাহ্মণপাড়াগামী সিএনজিগুলো হাসপাতালের রাস্তার স'মিলের সামনের ফাঁকা স্থানে খ. দক্ষিণ বাজার, কুমিল্লা, শাসনগাছা, রামপুর ও ভরাসারগামী সিএনজি, অটোরিক্সাগুলো।	বিস্তারিত আলোচনান্তে যানজট নিরসনের জন্য প্রস্তাবিত সিএনজি, অটোরিক্সাগুলো প্রস্তাবিত স্থানে রাখার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	১.উপজেলা নির্বাহী অফিসার বুড়িচং,কুমিল্লা ২. ইজারাদার , সিএনজি স্ট্যান্ড, বুড়িচং, কুমিল্লা।
০৪.	পীরযাত্রাপুর ইউপিঃ চেয়ারম্যান, পীরযাত্রাপুর ইউপি সভায় জানান যে তার ইউনিয়নে. ক. দক্ষিন শ্যামপুর আলী নেওয়াজ ভূইয়া কারিগরি উচ্চ বিদ্যালয়ের সামনে পুকুর পাড় রিটার্নিং ওয়ালসহ হেরিংবন করণ খ. দক্ষিণ শ্যামপুর বড়ইয়া গোমতী নদীর বাধ হইতে হাজী ফরিদ মিয়া বেপারী হয়ে সাদকপুর পাকা রাস্তাটি উন্নয়ন গ. গোবিন্দপুর এম.এ. আজাদের বাড়ীর পার্শ্বে গোমতী নদীর বাধ হইতে পূর্ব দিকে আঃ মান্নান মেম্বার বাড়ী পযন্ত রাস্তা পাকা করার জন্য সভায় প্রস্তাব করেন।	বিস্তারিত আলোচনান্তে ক নং প্রকল্পটি প্রাক্কলন মোতাবেক দরপত্র আহ্বানের মাধ্যমে উপজেলা উন্নয়ন তহবিল হতে ব্যয় নির্বাহের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত	১.উপজেলা নির্বাহী অফিসার, বুড়িচং, কুমিল্লা। ২.উপজেলা প্রকৌশলী বুড়িচং, কুমিল্লা।
০৫.	ময়নামতি ইউপি ঃ চেয়ারম্যান, ময়নামতি ইউপি জানান যে, তাঁর ইউনিয়নের ময়নামতি/ ভারেল্লা দঃ/ ভারেল্লা উঃ ইউনিয়নের জলাবদ্ধতার কারেনে তিন ফসলী মাঠে বর্তমানে এক ফসল করা হয়। জলাবদ্ধতা রোধ করার জন্য ময়নামতি, পারুয়ারা, কুসুমপুর খাল বর্তমানে অটো রাইস মিলের ময়লা/আবজনা ফেলানোর কারণে খাল বন্ধ হয়ে যায়। খালে ময়না না ফেলানোর বিষয়ে মালিকগণকে সর্তক করণ এবং খাল খনন করার বিষয়ে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। কাবিলা টু দেবপুর-উপজেলা রোডটি জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন। তাঁর ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	বিস্তারিত আলোচনান্তে জলাবদ্ধতা রোধ করার জন্য ময়নামতি, পারুয়ারা, কুসুমপুর খাল খনন করার বিষয়ে উপ-সহকারি, বিএডিসি (সেচ), বুড়িচং, কুমিল্লা জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং কাবিলা টু দেবপুর-উপজেলা রোডটির উন্নয়নের বিষয়ে উপজেলা প্রকৌশলী, বুড়িচং, কুমিল্লাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।	১. উপজেলা প্রকৌশলী বুড়িচং,কুমিল্লা। ২. উপ-সহকারি, বিএডিসি (সেচ), বুড়িচং, কুমিল্লা।
০৬.	মোকাম ইউপি ঃ চেয়ারম্যান, মোকাম ইউপি সভায়, আমার ইউনিয়নে রাতের বেলায় ড্রাম ট্রাক্টর দিয়ে মাটি ক্যারিং করে চলাচলের কারণে রাস্তাগুলো ভেঙ্গে যাচ্ছে। তিনি আরও জানান ক. এলজিইডি'র রোড পোষ্ট অফিস হয়ে মনঘাটা রোড পর্যন্ত রাস্তাটি সংস্কার করা প্রয়োজন ।এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষন করেন।	বিস্তারিত আলোচনান্তে মাটি কাটা বন্ধের মোবাইল কোর্টের কার্যক্রম চলমান রয়েছে। এ বিষয়ে ইউপি চেয়ারম্যান ও ইউপি সদস্যগণ উপজেলা নির্বাহী অফিসার,বুড়িচং, কুমিল্লাকে সঠিক তথ্য ও সার্বিক সহযোগিতার করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত।	১.উপজেলা নির্বাহী অফিসার,বুড়িচং, ২.উপজেলা প্রকৌশলী,বুড়িচং । ৩.ইউপি চেয়ারম্যান (সকল)

<table>
<tr><td>০৭.</td><td>ভারেল্লা দঃ ইউপি ঃ- চেয়ারম্যান, ভারেল্লা (দঃ) ইউপি সভায় জানান, ক. শোভারামপুর সরকারি প্রাঃ বিদ্যালয়ের সংলগ্ন রিটানিং ওয়াল নির্মাণ খ. দয়ারামপুর বীর মুক্তিযোদ্ধা মরহুম রমিজ উদ্দিন ও শব্দর আলী ডিলারের বাড়ী পার্শ্বে সলিং করণ গ. রামপুর তফাজ্জল হোসেনের বাড়ীর মরহুম হাসান মেম্বার এর বাড়ীর রাস্তা সলিং করার জন্য সভায় প্রস্তাব করেন।</td><td>বিস্তারিত আলোচনান্তে ক নং ক্রমিকের বর্ণিত প্রকল্পটি প্রাক্কলন মোতাবেক প্রকল্প কমিটির মাধ্যমে উপজেলা উন্নয়ন তহবিল হতে পরিশোধের জন্য সভায় নেয়া হয়।</td><td>উপজেলা প্র... বুড়িচং, কুমিল্লা</td></tr>
<tr><td>০৮.</td><td>ভারেল্লা উঃ ইউপি ঃ- চেয়ারম্যান, ভারেল্লা উঃ ইউপি সভায় জানান, ক. কুসুমপুর, পারুয়ারা হয়ে পশ্চিম সিংহ পর্যন্ত খাল খনন খ. পারুয়ারা হতে কুসুমপুর পর্যন্ত রাস্তা সংস্কার গ. কংশনগর গোমতী নদীর উপর ব্রিজের গর্ত সংস্কার ঘ. কংশরগর বাজারের ড্রেইন নির্মাণ করার জন্য সভায় প্রস্তাব করেন। তাঁর ইউনিয়নের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>বিস্তারিত আলোচনান্তে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা প্রকৌশলী বুড়িচং, কুমিল্লা ও উপ-সহকারি প্রকৌশলী (সেচ), বুড়িচং, কুমিল্লাকে উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।</td><td>১.উপজেলা প্রকৌশলী বুড়িচং, কুমিল্লা।
২.উপ-সহকারি প্রকৌশলী(সেচ), বুড়িচ</td></tr>
<tr><td>০৯.</td><td>প্রকৌশল বিভাগ ঃ উপজেলা প্রকৌশলী জানান, ক.কুসুমপুর ওহাব মিয়ার চায়ের দোকান হইতে কালা মিয়ার বাড়ী পর্যন্ত ড্রেইন নির্মাণ খ. খারেরা মধ্যমপাড়া খানকা শরীফ উন্নয়ন গ. আকাবপুর পূর্বপাড়া সাহেব আলীর বাড়ীর পশ্চিম পার্শ্বে কালভার্ট নির্মাণ ঘ. রামপুর রমিজ মেম্বারের বাড়ীর রাস্তা সলিং করণ ঙ.গারুচো রুহুল আমিন ভূঃ বাড়ীর সামনে হইতে মসজিদ পর্যন্ত রাস্তা উন্নয়ন চ. মোকাম বড় কবরস্থান হইতে মহিলা মাদ্রাসা পর্যন্ত রাস্তা উন্নয়ন ছ. বারেশ্বর দঃ শাহী মসজিদের রাস্তা উন্নয়ন জ. নিমসার মধ্যপাড়া রবু মিয়ার বাড়ী হইতে উঃ দিকে বাবুল মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন ঝ. নিমসার হাজী বাড়ীর মদিনা মসজিদের রাস্তার হারুনের বাড়ী হইতে আজিজ মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন ঞ. কংশনগর নিমসার সিএমবি রোডের পার্শ্বে অহেদ আলীর বাড়ী হতে উসমান গনির বাড়ী পর্যন্ত রাস্তা সলিং করণ ট. শংকুচাইল মন্নান মিয়ার বাড়ী হইতে হাফেজিয়া দাখিল মাদ্রাসা পর্যন্ত আরসিসি দ্বারা রাস্তা করণ ঠ. ই-টেন্ডার নং-০৪/২০-২১, আইডি নং ৫৩৩৫৪৭, গ্রুপ নং-০৭ এর ২০-২১ অর্থ বৎসরের প্রকল্প সংশোধন ও সময় বর্ধিত সংক্রান্ত ঃ
<table>
<tr><td>মূল কাজের নাম</td><td>সংশোধিত কাজের নাম</td></tr>
<tr><td>ক. মাশরা মেইন রোড হইতে মাসরা পঃ পাড়া সাক্কু মিয়ার বাড়ীর রাস্তা উন্নয়ন</td><td>ক. লোহাইমুড়ী রাসেল চৌধুরী বাড়ী হতে লিটন মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তা পার্শ্বে রিটার্নিং ওয়াল নির্মাণ।</td></tr>
</table>
বর্ণিত প্রকল্পটি বাস্তবায়নের জন্য সভায় উপস্থাপন করেন। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>বিস্তারিত আলোচনান্তে ক-এর নং প্রকল্পটি প্রাক্কলন মোতাবেকন প্রকল্প কমিটির মাধ্যমে উপজেলা উন্নয়ন তহবিল হতে ব্যয় নির্বাহ ট নং ক্রমিকের প্রকল্পটি প্রাক্কলন মোতাবেক কোটেশন এর মাধ্যমে উপজেলা উন্নয়ন তহবিল হতে ব্যয় ঠ নং ২০২০-২০২১ অর্থ বৎসরের প্রকল্প সংশোধন ও সময় বর্ধিত করণসহ বিল প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা প্রকৌশ বুড়িচং, কুমিল্লা</td></tr>
<tr><td>১০</td><td>স্বাস্থ্য বিভাগ ঃ- উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান, বর্তমানে নিপা ভাইরাসের সংক্রমন বৃদ্ধি পাচ্ছে। এ থেকে প্রতিরোধ পাওয়ার জন্য কাচা খেজুরের রস খাওয়া যাবে না। খেজুরের রস সিদ্ধ করে খেতে হবে।হাসপাতালে পরিচয়হীন অসুস্থ রোগী নিয়ে আসার পর বা ভর্তি করার পর অনেকে মারা গেলে তাদের বেওয়ারিশ লাশ দাফনের ক্ষেত্রে জায়গা পাওয়া যায় না। এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আর্কষণ করেন। করোনা ভাইরাস এখন ও সম্পূর্ণভাবে নির্মূল হয়নি। সবাইকে মাক্স পরিধান করতে হবে। জনসমাবেশে মাক্স পরিধান করা উচিৎ। তাহলে করোনা থেকে মুক্ত থাকা যাবে। ওমিক্রনের নতুন ভ্যারিয়েন্ট এর সংক্রমন থেকে রক্ষা পাওয়ার জন্য সকলকে মাক্স পরিধানসহ স্বাস্থ্যবিধি সঠিকভাবে পালন করার জন্য অনুরোধ করেন । এ বিষয়ে সকল ইউপি চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>১.স্বাস্থ্যসেবা নিশ্চিতকরনের লক্ষ্যে উপজেলা হাসপাতালসমূহে চিকিৎসকদের উপস্থিতি নিশ্চিত করার ব্যবস্থা করতে হবে।
২. সংক্রমন থেকে রক্ষা পাওয়ার জন্য সকলকে মাক্স পরিধানসহ স্বাস্থ্যবিধি সঠিকভাবে পালন করার জন্য প্রচার-প্রচারণা চালাতে হবে।
৩. বেওয়ারিশ লাশ দাফনের জন্য দরিয়ার পাড় ও মনখলা মাঠ সংলগ্ন কবরস্থানে দাফনের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>১. উপজেলা স্বাস্থ্য ও প পঃ কর্মকর্তা বুড়িচং, কুমিল্লা।
২. চেয়ারম্যান, সকল ইউপি</td></tr>
<tr><td>১১.</td><td>কৃষি বিভাগ ঃ উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, এ উপজেলায় বোরো আবাদ ৯২৩৫ হেক্টর নির্ধারন করা হয়েছে। বোরো আবাদ সম্পন্ন করতে সেচ পাম্পসমূহ যথাসময়ে চালু রাখা অত্যন্ত জরুরী। এ বিষয়ে পল্লী বিদ্যুৎ , বিএডিসি সেচ), ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দ ও উপজেলা পরিষদের সকল সদস্যের সহযোগিতা কামনা করছি। সকল অনাবাদি পতিত জমি আবাদের আওতায় আনয়ন ও কৃষি উৎপাদন অব্যাহত রাখতে প্রকৃত কৃষকের মাঝে কৃষি ঋণ বিতরণ করা জরুরী। এ বিষয়ে কৃষি অফিস প্রয়োজনীয় সকল সহযোগিতা করতে প্রস্তুত রয়েছে। কৃষি ঋণ কমিটির নিয়মিত আয়োজন আহ্বান এবং কৃষি ঋণ মেলা আয়োজনের প্রস্তাব রাখছি।</td><td>বিস্তারিত আলোচনান্তে সেচ সরবরাহ নিশ্চিত করতে সকল সেচ স্কিম মালিকদের নির্দেশনা প্রদানের বিষয়ে বিএডিসি (সেচ), বুড়িচং,কুমিল্লাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা কৃষি কর্মকর্ত বুড়িচং, কুমিল্লা।
উপসহকারী
ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি-২,বুড়িচং
প্রকৌশলী,বিএডিসি (সেচ) বুড়িচং,</td></tr>
<tr><td>১২.</td><td>উপজেলা প্রাণীসম্পদ বিভাগ ঃ উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা জানান যে, ডেইরি আইকন সেলিব্রেশন-২০২২ এর বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। সারা বাংলাদেশে ৪০ জনকে পুরস্কৃত করা হবে। ১লা জুন দুগ্ধ দিবসে ০১টি স্কুলে ফিডিং করানো হবে এবং পুরস্কার ঘোষণা করা হবে। প্রাণি সম্পদ কৃষক মাঠ স্কুল-১১টি স্থাপিত হয়েছে। এফএও এর প্রশিক্ষন মডিউল টিম এর নির্দেশনায় কৃষকদের প্রশিক্ষণ করানো হচ্ছে। প্রাণি সম্পদ প্রদর্শনী-২০২৩ ফেব্রুয়ারী মাসে অনুষ্ঠিত হবে।</td><td>বিস্তারিত আলোচনান্তে সকল কার্যক্রম বাস্তবায়নের জন্য অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা প্রাণী সম্প কর্মকর্তা, বুড়িচং, কুমিল্লা।</td></tr>
<tr><td>১৩.</td><td>উপজেলা মৎস্য বিভাগ ঃ</td><td></td><td></td></tr>
<tr><td>১৪.</td><td>পরিবার পরিকল্পনা বিভাগ ঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, গত ১৭-২২ ডিসেম্বর সেবা সপ্তাহের কার্যক্রম ভালো ভাবে চলছে। এ উপজেলায় মোট সক্ষম দম্পতি ৭০,৪৮৮ জন, পডেলিভারী সংখ্যা-৬৯ ,পদ্ধতি গ্রহণকারীর হার- ৭৪.৩১%। বিভাগীয় কার্যক্রম ভালোভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রমকে আরও গতিশীল করার জন্য অনুরোধ জানানো হয়।</td><td>১.উপজেলা পঃ প কর্মকর্তা বুড়িচং, কুমিল্লা</td></tr>
</table>

CamScanner

	উপজেলা সমাজসেবা বিভাগ ঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম ভালোভাবে চলছে।	সকল কার্যক্রম বাস্তবায়নে শতভাগ সততা ও স্বচ্ছতা নিশ্চিত করণের জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা সমাজসে অফিসার, বুড়িচং,কুমিল্লা
১৬.	উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন আবর্তক ঋণ কর্মসূচিসহ মোট ০৭ টি প্রকল্প চলমান রয়েছে। জানুয়ারী/২৩ মাসের মোট সদস্য ভর্তি ২৪ জন, শেয়ার আদায় ২২,০০০/-, সঞ্চয় আদায় ২,৭৪,০০০/- টাকা, মোট ঋণ বিতরণ ৩৬,৩১,০০০/- টাকা ও ঋণ আদায় ৩৬,৪৪,০০০/- টাকা। কোভিড-১৯ প্রণোদনা ঋণ তহবিল হতে ৪১ জন একক উদ্যোক্তাদের মাঝে ৬৪,০০,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়। বর্তমান মাসে ২৫ জন সমবায়ীকে প্রশিক্ষণ প্রদান করা হয়। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	বিভাগীয় কার্যক্রমকে আরও গতিশীল করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা পল্লী উ কর্মকর্তা বুড়িচং, কুমিল্ল
১৭.	উপজেলা সমবায় বিভাগ ঃ উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, বিগত ২৮/১২/২০২২ তারিখে উত্তর আনন্দপুর আশ্রয়ন সমবায় সমিতি লিঃ এবং বুড়িচং উপজেলা বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা সমবায় সমিতি নামে নিবন্ধিত হয়েছে। অত্র উপজেলায় সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচীর আওতায় বেকার যুবক ও যুব মহিলাদেরকে ০২ (দুই) মাস ব্যাপী আইজিএ প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	বিভাগীয় কার্যক্রমকে আরও গতিশীল করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা সমব কমকর্তা,বুড়িচ কুমিল্লা।
১৮.	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ঃ ২০২৩-২৪ চক্রের চূড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীদের জন্য খাদ্যশস্য বরাদ্দ পাওয়া গেছে। কার্ড প্রাপ্তি সাপেক্ষে উপকারভোগীদের কার্ড ও খাদ্য শস্য বিতরণ করা হবে। উপকারভোগীগণ মাসিক ২২০/- হারে সঞ্চয় জমা দানের জন্য স্ব-স্ব ব্যাংক হিসাব খোলার জন্য অনুরোধ করা হলো। মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় গর্ভবতী মায়েদের মাতৃত্বকাল ভাতা প্রদানের জন্য জুলাই,২২ হতে জানুয়ারি,২০২৩ পর্যন্ত ০৭ (সাত) মাসের ভাতাভোগী নির্বাচন কার্যক্রম চলছে। জুলাই,২২ মাস হতে মাসিকভাবে নির্ধারিত সংখ্যা অনুযায়ী প্রতি ইউনিয়নে ভাতাভোগী নির্বাচন করা হচ্ছে। প্রতি মাসের ১-২০ তারিখের মধ্যে ইউনিয়ন পর্যায়ে গর্ভবতী মহিলাগণ আবেদন করবে এবং ২০-৩০ তারিখের মধ্যে যথাক্রমে ইউনিয়ন ও উপজেলা কমিটি যাচাইক্রমে ভাতাভোগীর চূড়ান্ত তালিকা অনুমোদন করবে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	বিভাগীয় কার্যক্রমকে আরও গতিশীল করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বুড়িচং, কুমিল্লা। ইউপি চেয়ারম্যান (সকল)
১৯.	উপজেলা শিক্ষা বিভাগ ঃ উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, উপজেলা সকল প্রাথমিক বিদ্যালয় ২০২৩ শিক্ষাবর্ষের নতুন বই বিদ্যালয় পৌছানো হয়েছে। এ উপজেলায় বিভিন্ন বিদ্যালয়ে ৭১ টি পদ সৃষ্টি হয়েছে। তার মধ্যে ৬৫ জন সহকারি শিক্ষক নিয়োগ হয়েছে। রেভিনিউ ৩৪টি শূণ্যপদে ২১ জন সহকারি শিক্ষক নিয়োগ হয়েছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	বিভাগীয় কার্যক্রমকে আরও গতিশীল করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা শিক্ষা কর্মকর্তা বুড়িচং, কুমিল্লা
২০.	উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ ১লা জানুয়ারী ২৩ বই উৎসব দিবস। ৭০% পাঠ্যপুস্তক উপজেলার সকল প্রতিষ্ঠান পর্যায়ে সংরক্ষণের জন্য বিতরণ করা হয়েছে। ৬ষ্ঠ ও ৭ম শ্রেণীতে নতুন পাঠ্যক্রম অনুযায়ী শিক্ষকদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। জেলা পর্যায়ে উপজেলা প্রশিক্ষকদের প্রশিক্ষণ চলছে এবং জানুয়ারী মাসের প্রথম সপ্তাহে উপজেলা পর্যায়ের সকল শিক্ষদের প্রশিক্ষণ শুরু হবে। সকল স্কুল, মাদ্রাসা, কারিগরি ও কলেজসমূহ ব্যানবেইস জরিপ চলমান রয়েছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	বিভাগীয় কার্যক্রমকে আরও গতিশীল করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা মাধ্যমি শিক্ষা কর্মকর্ত
২১.	প্রকল্প বাস্তবায়ন বিভাগ ঃ- শিকারপুর, ভ্রাহ্মি, হরিপুর আশ্রয়ন প্রকল্পের কাজ চলমান রয়েছে। এ অর্থ বছরের টি,আর ও কাবিখার বরাদ্দ এসেছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	বিস্তারিত আলোচনান্তে আশ্রয়ন প্রকল্পের কাজ দ্রুত বাস্তবায়নের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মক বুড়িচং, কুমিল্ল
২২.	উপজেলা যুব উন্নয়ন বিভাগ ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, চলমান অর্থ বছরে প্রশিক্ষণ,ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ =৬,০৭৮, চলতি অর্থ বছরে ঋন বিতরন ২১,২০,০০০/- টাকা, ক্রমপুঞ্জিত ঋন বিতরণ ৪,৯৭,২৭,৫০০, । এ অর্থ বছরে ক্রমপুঞ্জিত ঋন আদায়ের হার ৯৭.১৯%। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	বিভাগীয় কার্যক্রমকে আরও গতিশীল করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা যুব উ কর্মকর্তা বুড়িচং, কুমি
২৩.	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরঃ উপ-সহাকারি প্রকৌশলী জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	বিভাগীয় কার্যক্রমকে আরও গতিশীল করার জন্য অনুরোধ জানানো হয়।	১.উপ-সহক প্রকৌশল জনস্বাস্থ্য প্রক অধিদপ্তর, বু কুমিল্লা

CamScanner

<table>
<tr><td>২৪.</td><td>ডিজিএম, বুড়িচং জোনাল অফিসঃ বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বুড়িচং জোনাল অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে । নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের স্বার্থে লাইনের গাছপালার ঢালা কর্তনের কাজ সম্পন্ন হয়েছে । বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের সরকারি নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনা বাস্তবায়নের জন্য প্রতিনিয়ত সংযোগ বিচ্ছিন্ন অভিযান চলমান রয়েছে। এ বিষয়ে সকল ইউপি চেয়ারম্যানগণের সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করেন।</td><td>বিস্তারিত আলোচনান্তে বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের বিষয়ে সকল ইউপি চেয়ারম্যানগণ সার্বিক সহযোগিতা করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>ডিজিএম, [illegible] জোনাল [illegible]</td></tr>
<tr><td>২৫.</td><td>বিবিধঃ ক. উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের পানির লাইন মেরামত করণ ১৪,০০০/- উক্ত বিল পরিশোধের জন্য উপস্থাপন করা হলো।</td><td>বিস্তারিত আলোচনান্তে ক নং ক্রমিকের ব্যয় ভাউচারের মাধ্যমে উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা নির্বাহী অফিসার বুড়িচং,কুমিল্লা।</td></tr>
<tr><td>২৬.</td><td>যানজট নিরসন কমিটি গঠন ও বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত ঃ বুড়িচং বাজারের মেইন রোডে সব সময় যানজট লেগে থাকে। মেইন রোডের দুই পার্শ্বে সিএনজি, অটোরিক্সা ও ফুটপাতের দোকানের কারণে গাড়ি দিয়ে আসা-যাওয়া করা খুব কষ্টকর। যানজট নিরসনের জন্য সিএনজি, অটোরিক্সাগুলো নির্ধারিত স্থানে স্থানান্তর করতে হবে। এ বিষয়ে ০৭ (সাত) সদস্য কমিটি গঠন করা যেতে পারে।
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>পদবী</th></tr>
<tr><td>০১</td><td>মহিলা ভাইস-চেয়ারম্যান, বুড়িচং,কুমিল্লা।</td></tr>
<tr><td>০২</td><td>সহকারী কমিশনার (ভূমি), বুড়িচং,কুমিল্লা।</td></tr>
<tr><td>০৩</td><td>অফিসার ইনচার্জ, বুড়িচং থানা</td></tr>
<tr><td>০৪</td><td>উপজেলা প্রকৌশলী, বুড়িচং, কুমিল্লা।</td></tr>
<tr><td>০৫</td><td>চেয়ারম্যান, বুড়িচং সদর ইউপি</td></tr>
<tr><td>০৬</td><td>চেয়ারম্যান, ষোলনল ইউপি</td></tr>
<tr><td>০৭</td><td>চেয়ারম্যান, পীরযাত্রাপুর ইউপি</td></tr>
</table></td><td>বিস্তারিত আলোচনান্তে বুড়িচং বাজারের যানজট নিরসনের জন্য প্রস্তাবিত ০৭ (সাত) সদস্য কমিটি গঠনের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা নির্বাহী অফিসার বুড়িচং,কুমিল্লা।</td></tr>
<tr><td>২৭.</td><td>বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত ঃ বুড়িচং তোহা বাজার, হোটেল-রেস্তোরার ময়লা আবর্জনা ফেলানোর কোন নির্দিষ্ট জায়গা নেই। এ বাজারের ময়লা আবর্জনা খাল ও ডোবায় বা মানুষের চলাচলের রাস্তার পার্শ্বে ফেলার কারণে পরিবেশ দূষণ হচ্ছে। এ থেকে পরিত্রান পাওয়ার জন্য বিভিন্ন স্থান থেকে এসকল বর্জ্য আবর্জনা সংগ্রহ পূর্বক নির্দিষ্ঠ স্থানে অপসারণ বা ব্যবস্থাপনার জন্য নির্দিষ্ট একটি ডাস্টবিন প্রয়োজন এবং ময়লা আবর্জনা পরিবহন করে নির্ধারিত যথাযথ স্থানে অপসারনের জন্য একটি অটোরিকশা ভ্যান ক্রয় করা প্রয়োজন।</td><td>বিস্তারিত আলোচনান্তে খাস জায়গা খোঁজে ময়লা আবর্জনা ডাম্পিং করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>১.উপজেলা নির্বাহী অফিসার, বুড়িচং,কুমিল্লা।
২. উপজেলা প্রকৌশলী, বুড়িচং, কুমিল্লা।
৩. ইউপি চেয়ারম্যান, বুড়িচং সদর</td></tr>
</table>

CamScanner

উপজেলা নির্বাহী অফিসার, বুড়িচং, কুমিল্লা ঃ উপজেলা নির্বাহী অফিসার, বুড়িচং, কুমিল্লা জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। (১)মুজিববর্ষ উপলক্ষে আশ্রয়ণ-০২ প্রকল্পের অধীন " ভূমিহীন ও গৃহহীনদের আশ্রয়ন প্রকল্পের কাজ অগ্রাধিকার ভিত্তিতে সম্পন্ন করার জন্য সকল প্রচেষ্টা অব্যাহত আছে। এ বিষয়ে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণের ও সর্বোচ্চ আন্তরিকতার সহিত প্রকল্পের অগ্রগতি নিয়মিত মনিটরিং করবেন মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন (২) ইউনিয়ন পরিষদের ভূমি উন্নয়ন কর পরিশোধ করা প্রয়োজন (৩) উন্নয়ন প্রকল্পের গুণগত মান নিশ্চিত করার জন্য উপজেলা প্রকৌশলীকে প্রতিটি প্রকল্প সরেজমিনে পরিদর্শন করার জন্য অনুরোধ করা হয় (৪) ড্রেজার দিয়ে নদী খনন/ পাহাড়ের মাটি কাটা যাবে না। এ বিষয়ে তদারকি ও মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে (৫) খাদ্য বিভাগের চলমান কার্যক্রম মনিটরিং অব্যাহত এবং ওএমএস কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তাকে অনুরোধ করা হয় (৬) শতভাগ শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও মনিটরিং এর জন্য মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও শিক্ষা কর্মমর্তাকে অনুরোধ জানানো হয়। শিক্ষা প্রতিষ্ঠান নিয়মিত পরিদর্শনে দায়িত্ব প্রাপ্ত ট্যাগ অফিসারগণ কাজ করবেন। পরিদর্শন রির্পোট নিয়মিত উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রেরণ করতে পারেন মর্মে প্রস্তাব করেন (৭) উপজেলা পরিষদের রাজস্ব বৃদ্ধির স্বার্থে প্রতি বছরেই এ উপজেলাধীন বিভিন্ন সিএনজি/পিকআপ স্ট্যান্ডসমূহ ইজারা প্রদান করা হয়, এ প্রেক্ষিতে এ বছরও ইজারা কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। কিন্তু বিগত বছরের অভিজ্ঞতায় দেখা যায় যে, ইজারাদারগণ তাদের ইজারাকৃত মূল্য যথাসময়ে পরিশোধ করেন না তাই এ বছর দরপত্রের সাথে সম্পূর্ণ মূল্য (ভ্যাট ও আয়করসহ) পে-অর্ডারের মাধ্যমে আদায় করা যেতে পারে। এছাড়াও বিগত বছরে নিবন্ধনকৃত শ্রমিক সংঘঠনের পক্ষ হতে দরপত্র আহবান করা হয় ফলে দরপত্র গ্রহণ প্রক্রিয়া অনেকাংশেই প্রতিযোগিতামূলক হয় না এবং উপজেলা পরিষদ প্রকৃত রাজস্ব পাওয়া হতে বঞ্চিত হয়। এমতাবস্থায়, উন্মুক্ত দরপত্র আহবানের জন্য পূর্বে প্রচলিত নিবন্ধনকৃত শ্রমিক সংঘঠনের পরিবর্তে আগ্রহী ব্যক্তিগণের নিকট হতে দরপত্র আহবান করা যেতে পারে মর্মে প্রস্তাব করেন (৮) নিত্য পণ্যের বাজার দর স্থিতিশীল রাখতে নিয়মিত মনিটরিংও অভিযানসহ মোবাইল কোর্ট পরিচালনা করা হবে (৯) আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভায় ভেটিং পূর্বক সকাল ৮.০০ টা থেকে রাত ০৮.০০ টা পর্যন্ত বুড়িচং বাজার ও ভরাসার বাজার সংশ্লিষ্ট রাস্তাসমূহে ট্রাক চলাচল বন্ধ রাখার প্রস্তাব উত্থাপন করেন (১০) এছাড়া বুড়িচং বাজার ও ভরাসার বাজারের যানজট নিরসনের লক্ষে তিনি ৭.০০ টা থেকে রাত ০৮.টা পর্যন্ত উক্ত বাজারসমূহে মালামাল লোড আনলোড বন্ধ রাখার প্রস্তাব করেন। সরকারের উন্নয়নমূলক কর্মকান্ডসমূহ যথাযথ বাস্তবায়নে বুড়িচং উপজেলার সকল বিভাগীয় কর্মকর্তাসহ উপস্থিত সকলকে আন্তরিক প্রচেষ্টা অব্যাহত রাখার অনুরোধ জানান।	০১. আশ্রয়ন প্রকল্পের কাজের অগ্রগতি পর্যবেক্ষণ পূর্বক ইউপি চেয়ারম্যানগণ নিয়মিত হালনাগাত তথ্য প্রদান করবেন। ০২. উপজেলা পরিষদের ভূমি উন্নয়ন কর পরিশোধ করতে হবে। ০৩. চলমান উন্নয়ন প্রকল্প মনিটরিং জোরদার করতে হবে। ৪.ড্রেজার দিয়ে নদী খনন/ পাহাড়ের মাটি কাটার বিরুদ্ধে চলমান আইনি কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ০৫. খাদ্যের মজুদ সম্পাকৃত সকল হালনাগাদ তথ্য সংগ্রহ রাখতে হবে। ০৬.শিক্ষা অফিসার ও ট্যাগ অফিসারগণ শিক্ষা শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও মনিটরিং করবেন। ০৭. ১৪৩০ বঙ্গাব্দে দরপত্রের সাথে ভ্যাট, আয়করসহ সম্পূর্ণ অর্থ দরপত্রের সাথে পে-অর্ডারের মাধ্যমে জমা প্রদান সাপেক্ষে সিএনজি/পিকআপ স্ট্যান্ড ইজারা প্রদান করতে হবে। এছাড়া প্রতিযোগিতামূলক দরপত্র অনুষ্ঠানের জন্য কোন সংগঠন ব্যতীত আগ্রহী ব্যক্তিগণের নিকট হতে দরপত্র আহবান করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। ০৮. আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভায় ভেটিং পূর্বক সকাল ৮.০০ টা থেকে রাত ০৮.০০ টা পর্যন্ত বুড়িচং বাজার ও ভরাসার বাজার সংশ্লিষ্ট রাস্তাসমূহে ট্রাক চলাচল বন্ধ থাকবে ০৯. বুড়িচং-বাজার ও ভরাসার বাজারের যানজট নিরসনের লক্ষে ৭.০০ টা থেকে রাত ০৮.টা পর্যন্ত উক্ত রাস্তারসমূহে মালামাল লোড আনলোড বন্ধ থাকবে।	১.ইউপি চেয়ারম্যান (সকল) ২.উপজেলা নির্বাহী অফিসার বুড়িচং, কুমিল্লা। ৩.সহকারি প্রকৌশলী বুড়িচং,কুমিল্লা। ৪. উপজেলা নির্বাহী অফিসার বুড়িচং, কুমিল্লা ৫. উপজেলা খাদ্য কর্মকর্তা, বুড়িচং কুমিল্লা ৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বুড়িচং কুমিল্লা ৭. উপজেলা শিক্ষা কর্মকর্তা, বুড়িচং,কুমিল্লা ৮. উপজেলা নির্বাহী অফিসার বুড়িচং, কুমিল্লা ৯. ইজারাদার ভরাসার বাজার ১০. ইজারাদার বুড়িচং বাজার ১১. বাজার কমিটি বুড়িচং বাজার ১২. বাজার কমিটি ভরাসার বাজার

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বুড়িচং, কুমিল্লা ঃ উপজেলা চেয়ারম্যান তার বক্তব্যে বলেন, ক্যান্টনমেন্ট চ্যাপ্টার এরিয়া এ উপজেলার কিছু অংশের ভূমি উন্নয়ন কর নেয় তা কিভাবে নেয় নীতমালা দেখতে হবে। ১৫ টাকা কেজি চাল বিতরণের ক্ষেত্রে ইউপি চেয়ারম্যান ও মেম্বারদের কে অবগত করতে হবে। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী এক ইঞ্চি জমি যেন অনাবাদি না থাকে তার ব্যবস্থা করতে হবে। উন্নয়ন প্রকল্প নিয়মিত পরিদর্শন করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করার ব্যবস্থা করতে হবে। অবৈধ ক্লিনিক/ হাসপাতাল এবং ভুয়া চিকিৎসকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। সকল ক্ষেত্রে মাস্ক পরিধানসহ স্বাস্থ্য বিধি মেনে চলার বিষয়ে প্রচারণা অব্যাহত রাখতে হবে। মাননীয় সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা এডভোকেট আবুল হাসেম খান মহোদয়ের পরামর্শ মোতাবেক বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গঠনে এই বুড়িচং বাসীকে সাথে নিয়ে মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকারভিত্তিক প্রকল্পসমূহসহ বুড়িচং উপজেলার সার্বিক উন্নয়ন কর্মকান্ড সকলের সহযোগিতায় বাস্তবায়ন করা হবে।তিনি সরকারের উন্নয়নমূলক কর্মকান্ডসমূহ যথাযথ বাস্তবায়নে সকল বিভাগীয় কর্মকর্তাসহ উপস্থিত সকলকে আন্তরিক প্রচেষ্টা অব্যাহত রাখার অনুরোধ জানান।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩০.০১.২৩

(আখলাক হায়দার)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বুড়িচং, কুমিল্লা।

স্মারক নং- ০৫.২০.১৯১৮.০৩৩.০০.০০৫.২২- ১২

তারিখ ঃ ৩০/০১/২০২৩ খ্রিঃ

অনুলিপি - সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঃ-

০১। মাননীয় সংসদ সদস্য- কুমিল্লা ০৫ নির্বাচনী এলাকা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪। জেলাপ্রশাসক, কুমিল্লা।
০৫। উপজেলা .... অফিসার, বুড়িচং, কুমিল্লা।
০৬। চেয়ারম্যান, ... ইউনিয়ন পরিষদ, বুড়িচং, কুমিল্লা।

৩০/০১/২০২৩

(সাহিদা আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
বুড়িচং, কুমিল্লা

CS CamScanner